

শিল্প সম্পর্ক শিক্ষায়তন  
Industrial Relations Institute (IRI)  
টংজী, গাজীপুর-১৭১০।

**প্রতিষ্ঠাকাল:** ১৯৬৩ সাল।

**অবস্থান:** রাজধানী ঢাকা হতে ২১ কি.মি. উত্তরে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পশ্চিম পার্শ্বে টংজী ব্রীজ সংলগ্ন তুরাগ নদীর পাড়ে টংজী শিল্প নগরীর প্রবেশদ্বারে শিল্প সম্পর্ক শিক্ষায়তনের অবস্থান (গাজীপুর সিটি কর্পোরেশনের আওতাধীন ৫৭ নং ওয়ার্ড, টংজী পশ্চিম থানা)।

**আয়তন:** তৎকালীন উন্নয়ন সংস্থা, ঢাকা বর্তমানে রাজউক কর্তৃক বরাদ্দকৃত মোট ৫৭০ শতাংশ জমি যার অভ্যন্তরে ১০৩ শতাংশ আয়তনের একটি পুকুর রয়েছে।

**উদ্দেশ্য:** কারখানা, জনকল্যাণমূলক সার্ভিস, প্রতিষ্ঠান, শিল্প প্রতিষ্ঠান এবং বাণিজ্যিক প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকের অধিকার ও কল্যাণ নিশ্চিত করণে সংশ্লিষ্টদের সচেতন, শিল্পে শান্তি, শৃঙ্খলা ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রেখে নিরবিচ্ছিন্ন উৎপাদন অব্যাহত রাখার লক্ষ্যে বাংলাদেশ শ্রম আইন-২০০৬, বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫, শ্রম প্রশাসন, আইএলও কনভেনশন, শ্রম অর্থনীতি, শিল্প সম্পর্ক, শ্রম কল্যাণ, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা, বিশ্বায়ন, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, অটিজম, জেন্ডার ইস্যু, শিশুশ্রম নিরসন, গৃহকর্মী কল্যাণ ও সুরক্ষা নীতি-২০১৫, নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০, তথ্য অধিকার আইন-২০০৯, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫, অগ্নি প্রতিরোধ ও নির্বাপক আইন-২০০৩, টেকসই ও অন্তর্ভুক্তি মূলক শ্রম, সাপ্লাই চেইন, শোভন কর্মপরিবেশ, ৪র্থ শিল্প বিপ্লব, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন, জাস্ট ট্রানজিশন, সামাজিক ন্যায়বিচার প্রভৃতি বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শ্রমিক ও শ্রমিক নেতৃত্বদ্বন্দকে যথোপযুক্ত পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদান।

**প্রশাসন:** (ক) শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টংজী, গাজীপুর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম অধিদপ্তরের অধীন একটি সরকারি প্রতিষ্ঠান। পরিচালক, শিক্ষায়তনের প্রশাসনিক প্রধান। দাপ্তরিক কাজে পরিচালককে সহযোগিতার জন্য নির্ধারিত ১ম শ্রেণী (৯ম গ্রেড তদূর্ধ্ব) পদের কর্মকর্তা ১৮ জন (০২ জন উপপরিচালক, ১০ জন সহকারী পরিচালক এবং ০১ জন অডিও ভিজুয়াল অফিসার, ০২ জন গবেষণা কর্মকর্তা, ০২ জন অডিও ভিজুয়াল আর্টিস্ট এবং ০১ জন লাইব্রেরীয়ান)। ২য় শ্রেণী (১০ম গ্রেড হতে ১২তম গ্রেড) ০২ জন সহকারী গবেষণা কর্মকর্তা। (খ) সহযোগী সদস্য: ২৫ জন।

**প্রশিক্ষণ কোর্স সমূহ:**

- শিল্প সম্পর্ক (IR) কোর্স (৪ সপ্তাহ মেয়াদী)
- শ্রমিক প্রশিক্ষণ কোর্স (৫ দিন মেয়াদী)

**ভবনসমূহ:**

১। প্রশাসনিক ভবন ১টি (তিন তলা বিশিষ্ট), ২। হোস্টেল ভবন ১টি (তিন তলা বিশিষ্ট), ৩। গাড়ি রাখার গ্যারেজ ৩ টি, ৪। পুরাতন লাইব্রেরী ভবন ১টি (একতলা বিশিষ্ট), ৫। পুরাতন পানির পাম্প হাউজ ১টি (এক কক্ষ বিশিষ্ট), ৬। এক তলা বিশিষ্ট অধ্যক্ষের বাসভবন ০১ (এক) টি ৭। সুপারিটেনডেন্ট কোয়ার্টার ১টি (এক তলা বিশিষ্ট) ৮। ১টি ২ ইউনিট বিশিষ্ট তিন তলা ৯। ১টি ১ ইউনিট বিশিষ্ট দুই তলা ১০। ১টি ১ ইউনিট বিশিষ্ট দুই তলা ১১। ১টি দারোয়ান সেড (এক কক্ষ বিশিষ্ট)।